

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ 880

১/ বিবিধ

আরবী

حسن الخلق يذيب الخطايا كما تذيب الشمس الجليد، وإن الخلق السوء يفسد العمل  
كما يفسد الخل العسل  
ضعيف جدا

رواه ابن عدي (2 / 304) عن عيسى بن ميمون: سمعت محمد بن كعب، عن ابن عباس مرفوعا به، ساقه في ترجمة عيسى بن ميمون في جملة أحاديث ثم قال وعامة ما يرويه لا يتابعه عليه أحد، ثم روى عن ابن معين أنه قال فيه: ليس بشيء، وقال البخاري: صاحب مناكير، والنسائي: متروك الحديث قلت: وقال ابن حبان: يروي أحاديث كلها موضوعات، ولهذا لم يحسن السيوطي بإيراده لهذا الحديث في "الجامع الصغير" من رواية ابن عدي هذه مقتصرًا على الشطر الأول منه! وقد علق عليه المناوي بما لا يتبين منه حال الحديث بدقة فقال: ورواه البيهقي في "الشعب" وضعفه، والخرائطي في "المكارم"، قال العراقي: والسند ضعيف، لكن شاهده خبر الطبراني بسند ضعيف أيضا، ويشير بخبر الطبراني إلى الحديث الآتي، وخفي عليه أنه من هذه الطريق أيضا! وأما حديث الخرائطي فهو عنده من حديث أنس، وسيأتي بعد حديث

বাংলা

880। সচ্চরিত্র গুনাহগুলোকে গলিয়ে ফেলে যেমনভাবে সূর্য বরফকে গলিয়ে ফেলে এবং খারাপ চরিত্র আমলকে

নষ্ট করে দেয় যেমনভাবে সেরকা মধুকে নষ্ট করে দেয়।

হাদিসটি নিতান্তই দুর্বল।

এটি ইবনু আদী (২/৩০৪) ঈসা ইবনু মায়মুন হতে ... তার জীবনী সম্পর্কে আলোচনা করার সময় বর্ণনা করে বলেছেনঃ তিনি যা কিছু বর্ণনা করেছেন কেউ তার অনুসরণ করেননি। তিনি ইবনু মাঈনের উদ্ধৃতিতে বলেছেনঃ তিনি কিছুই না। বুখারী বলেনঃ তিনি মুনকারের অধিকারী। নাসাঈ বলেনঃ তিনি মাতরুকুল হাদীস।

আমি (আলবানী) বলছিঃ ইবনু হিব্বান বলেছেনঃ তিনি কতিপয় হাদীস বর্ণনা করেছেন সেগুলোর সবই বানোয়াট। এ কারণেই সুযুতী “জামেউস সাগীর” গ্রন্থে হাদীসটি উল্লেখ করে ভাল কাজ করেননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68025>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন